

ঢাকা, সোমবার ০১ এপ্রিল ২০২৪, চৈত্র ১৭ ১৪৩০

একুশে একুশে টেলিভিশন লিমিটেড
E/TV Ekushey Television Limited
পরিবর্তনে অঙ্গিকারবদ্ধ
(<https://www.ekushey-tv.com/>)

🏠 প্রচ্ছদ / বিশেষ ব্যক্তিত্ব

প্রধানমন্ত্রী চাইলে যে কোনো কাজে সহযোগিতা করবো: নাভিদুল হক

🕒 প্রকাশিত : ০৯:৩৫ পিএম, ২ ডিসেম্বর ২০১৭ শনিবার | 🕒 আপডেট: ০৫:১১ পিএম, ৩ ডিসেম্বর ২০১৭ রবিবার





মেয়র আনিসুল হকের ছেলে নাভিদুল হক

সস্য প্রয়াত ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হকের ছেলে নাভিদুল হক বলেছেন, মাননীয় প্রধানমন্ত্রী চাইলে আমাদের পরিবার যে কোনো কাজের প্রস্তুত। আমরা যেকোনো অবস্থায় যেখানেই থাকি না কেন, সব সময় সহযোগিতা করে যাবো।

শনিবার সন্ধ্যায় মেয়র আনিসুল হককে বনানী কবরস্থানে দাফন শেষে ছেলে নাভিদুল হক এসব কথা বলেন।

এসময় তিনি আরও বলেন, বাবা যখন খুবই অসুস্থ তখনও তিনি শুধু ঢাকা সিটির কথা বলতেন। শেষবার যখন তার সঙ্গে কথা বলি তখন তিনি সিটির কথা বলতে তুমি শুধু এসব কথাই কি বলবে? এর বাইরে কি আর কোনো কথা নেই? তখন তিনি বলেন, ঠিক আছে তোমার সঙ্গে আর কথা বলবো না।

নাভিদুল বলেন, বাবা সব সময় আমাকে বলতেন নাভিদ এই শহরের মানুষদের জন্য এমন কিছু কাজ করতে চাই যাতে করে আগামী পঞ্চাশ বা একশ' বছর তারা আমি তাকে সব সময় তার কাজের ক্ষেত্রে সহযোগিতা করেছি। তিনি যে কোনো কাজের আগে আমার সঙ্গে পরামর্শ করতেন। আমি তাকে প্রত্যেকটি বিষয়ে দিতাম।

নাভিদুল হক বলেন, বাবা আমাকে আমার জীবন চলার উপযোগী এমন কিছু পরামর্শ দিয়েছেন, যা সারা জীবন আমি মেনে চলবো।

বাবা সব সময় ঢাকা সিটির কথা ভাবতেন উল্লেখ করে তিনি বলেন, বাবা বলতেন আমি যদি এর পরে আর মেয়র না থাকি তাহলে মানুষ আমাকে মনে রাখবে? হবে যে কারণে মানুষ যুগ যুগ ধরে স্মরণ করবে। আমার বাবা চেষ্টা করেছেন তার পরিকল্পনার আলোকে কাজগুলো শেষ করতে। কিন্তু তিনি সবগুলো কাজ সমা

বলতেন, রাস্তা ঘাট, ড্রেনেজ সমস্যা এসব কাজতো বেশি দিন থাকবেনা। শেষ হয়ে যাবে। তাই নতুন পরিকল্পনাগুলো আগামী প্রজন্মের জন্য দ্রুত বাস্তবায়ন করতে তিনি বলেন, বাবা খুবই একজন হাসি খুশি মানুষ ছিলেন। তিনি কখনো কাউকে কষ্ট দিতেন না। আমি বলতে পারি তিনি একজন ভালো মানুষ ছিলেন। নিজের কিছু করেননি।

বাবা সিটি করপোরেশন থেকে কোনো বেতন নিতেন না। তিনি করপোরেশনের তেল-গাড়ি কিছুই ব্যবহার করেননি। শুধু এই দেশের মানুষের জন্য কিছু করতে স্বপ্নময় নগরে পরিণত করতে চেয়েছিলেন। কিন্তু তিনি কাজ শেষ করতে পারেননি। তার এই কাজগুলো শেষ করতে হয়ত অন্য কারো চার-পাঁচ বছর লাগতে প অসমাপ্ত কাজগুলো শেষ করবে।

এসি/টিকে